

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০৪.২০১৬ - ১১৪

তারিখ : ২২ .৪.১৪২৪ বঙ্গাব্দ
০৬ .৮.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর এর মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ৬ষ্ঠ গ্রেডের ০২ (দুই)টি পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর এর মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার ৬ষ্ঠ গ্রেডের ০২ (দুই) টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নিম্নে বর্ণিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৩.৮.২০১৭ তারিখ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকায় অনুষ্ঠিত হবে :

পদের নাম ও প্রার্থীদের রেজিঃ নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ, দিন ও সময়
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, রেজিঃ নম্বর- ০০০০৬, ০০০০১২, ১৫, ১৭, ১৯, ২০, ২৪, ২৯, ৩১, ৪২, ৫৭, ৭৩, ৯৬ = ১৩ জন	২৩.৮.২০১৭ বুধবার সকাল ১০:৩০ ঘটিকা
বিঃ দ্রঃ- রেজিঃ নংঃ ০০০০৬ এর প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে এসএসসি'র সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।	

- মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোনো আলাদা সাফাৎকারপত্র প্রেরণ করা হবে না। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদের মূল কপি সাফাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- বিপিএসসি ফরম-৩ ডাউনলোড করে ০১ কপি পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
- মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোন প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
- মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা (৩০ মি:) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে।
- কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)